

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
SMoDMRPA প্রকল্প
ভেঞ্চার টাওয়ার (৪র্থ তলা)
প্লট-৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.snsp.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.০২৫.৯২.১৩(অংশ-১)- ৩১৬

তারিখঃ ২১/০৫/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ বিভাগীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির উপকারভোগীদের তালিকা ডিজিটাইজেশনের উপর দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন Strengthening of the Ministry of Disaster Management & Relief Program Administration (SMoDMRPA) প্রকল্প উপরোক্ত বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে যাচ্ছে। উক্ত প্রশিক্ষণে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাসহ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) গণ অংশগ্রহণ করবেন। উল্লেখ্য এ প্রশিক্ষণে সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির উপকারভোগীদের তালিকা ডিজিটাইজেশন, সামাজিক/পরিবেশগত স্ক্রিনিং ও রেকর্ড ম্যানেজমেন্ট এর উপর আলোকপাত করা হবে।


সংযুক্ত সময়সূচি অনুযায়ী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হবে। সুতরাং সংযুক্ত সময়সূচি অনুযায়ী তাঁর জেলায় কর্মরত জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাসহ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) -দের উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ প্রশিক্ষণের সময়সূচি ১ (এক) পাতা।

জেলা প্রশাসক

.....


সত্যেন্দ্র কুমার সরকার
(যুগ্ম-সচিব)
প্রকল্প পরিচালক
SMoDMRPA প্রকল্প
ফোনঃ ৯৮৯০৩৬০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ, জেলাঃ
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রংপুর/রাজশাহী /চট্টগ্রাম/খুলনা। তাঁর জেলার জেলা প্রশাসকের পরামর্শক্রমে প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সংশ্লিষ্ট অন্যান্য জেলা) উপরোক্ত কর্মশালায় তিনিসহ তাঁর জেলার সকল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)-দের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। তাঁকে পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলাঃ, জেলাঃ
- ৯। উপ-সহকারী প্রকৌশলী, SMoDMRPA প্রকল্প, উপজেলাঃ, জেলাঃ
- ১০। অফিস কপি।

**বিভাগীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির উপকারভোগীদের তালিকা ডিজিটাইজেশনের
উপর দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সময়সূচি**

তারিখ	বিভাগ	প্রশিক্ষণের স্থান	অংশগ্রহণকারী	মন্তব্য
২৩ মে ২০১৮	রাজশাহী	রাজশাহী	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা , উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)	১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ তাঁর নিজ জেলার অংশগ্রহণকারীদের অবহিতকরণ এবং অংশগ্রহণ নিশ্চিত করবেন ২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে সমন্বয় পূর্বক প্রশিক্ষণের ডেন্যু নির্বাচন করে অন্যান্য জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের অবহিত করবেন এবং কর্মশালার সামগ্রিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন।
২৪ মে ২০১৮	রংপুর	রংপুর		
২৯ মে ২০১৮	চট্টগ্রাম	চট্টগ্রাম		
৩১ মে ২০১৮	খুলনা	খুলনা		

TS ২০/৫/১৮

20/05/18